

💵 মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৫. ইহরামের সময় নারীর করণীয়:

ইহরামের সময় পুরুষরা যা করে নারীরাও তাই করবে, যেমন গোসল করা, চুল ও নখ কাঁটা এবং দুর্গন্ধ দূর করে পরিচ্ছন্ন হওয়া, যেন ইহরামে প্রবেশের পর এসবের প্রয়োজন না হয়। কারণ, ইহরামে তা নিষিদ্ধ। যদি ইহরামের সময় এ জাতীয় পরিচ্ছন্নতার প্রয়োজন না হয়, তাহলে তা জরুরি নয়। কারণ, এগুলো ইহরামের বৈশিষ্ট্য নয়। শরীরে সুগন্ধি ব্যবহার করা বৈধ, যদি তার সুভাস ও সুগন্ধি প্রকট না হয়। আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা থেকে বর্ণিত,

كنا نخرج مع رسول الله صلى الله عليه وسلم فنضمد جباهنا بالمسك عند الإحرام، فإذا عرقت إحدانا سال« »على وجهها، فيراها النبي فلا ينهانا

"আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে বের হওয়ার সময় আমাদের কপালে মিসকের প্রলেপ দিতাম, যখন আমাদের কেউ ঘর্মাক্ত হত, মিসক তার চেহারায় গড়িয়ে পড়ত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা দেখতেন, কিন্তু আমাদের নিষেধ করতেন না"।[1]

শাওকানী রহ. 'নাওলুল আওতার': (৫/১২) গ্রন্থে বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের চুপ থাকা বৈধতা প্রমাণ করে। কারণ, তিনি না জায়েযের ওপর চুপ থাকেন না"। সমাপ্ত।

ফুটনোট

[1] আবু দাউদ, হাদীস নং ১৮৩০; আহমদ (৬/৭৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14718

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন